বাংলা | Bengali

# উপভোক্তা সুরক্ষা পরামর্শের জন্য

# মহিলা

মহিলারা কর্মস্থল ও বাজারে অনন্য চ্যালেঞ্জগুলির সম্মুখীন হন। উপভোক্তা বিষয়ক বিভাগ (Department of Consumer Affairs) মহিলাদের নিজেদের সুরক্ষিত রাখার উপায়গুলির সম্বন্ধে শিক্ষিত করে তোলার জন্য এবং কোথায় সাহায্য চাইতে হবে তা জানানোর জন্য এই পরামর্শগুলি প্রস্তুত করেছিল।

## ভিতরে:

কর্মসংস্থান সংস্থা পৃ.3
আর্থিক বিষয় পৃ.6
আয় বৃদ্ধির জন্য কার্যক্রম ও পরিষেবাসমূহ পৃ.9
পণ্য ও পরিষেবাগুলির জন্য কেনাকাটা পৃ.11

NYC Office of the Mayor

Consumer Affairs
Lorelei Salas
Commissioner

Commission on Gender Equity
Azadeh Khalili
Founding Executive Director

Mayor's Office to Combat Domestic Violence
Cecile Noel
Commissioner

মহিলাদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শ:

# কর্মসংস্থান সংস্থা

## আপনার পড়ার আগে...

**কর্মসংস্থান সংস্থা কী?**
একটি কর্মসংস্থান সংস্থা পারিশ্রমিকের বিনিময়ে নিয়োগকর্তাদের কর্মী খুঁজে পেতে এবং চাকরি প্রার্থীদের কাজ খুঁজে পেতে সাহায্য করে।

**বিনামূল্য সহায়তা নিন।**
সিটি চাকরি প্রার্থীদের বিনামূল্য সহায়তা প্রদান করে। nyc.gov/workforce1 দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবং একটি ওয়ার্কফোর্স1 কেরিয়ার সেন্টার খুঁজে দিতে বলুন।

**আপনি যদি চাকরি খোঁজার জন্য একটি কর্মসংস্থান সংস্থার সঙ্গে কাজ করেন, তাহলে আপনাকে সাহায্য করার জন্য এখানে কিছু পরামর্শ দেওয়া হল।**

## সাধারণ পরামর্শ

- **একটি লাইসেন্সপ্রাপ্ত কর্মসংস্থান সংস্থাকে ব্যবহার করুন।** কর্মসংস্থান সংস্থাগুলির অবশ্যই একটি উপভোক্তা বিষয়ক বিভাগ (Department of Consumer Affairs (DCA))-এর লাইসেন্স থাকতে হবে।

লাইসেন্স ও অভিযোগের ইতিহাস যাচাই করার জন্য nyc.gov/dca দেখুন বা **311 নম্বরে ফোন করুন।**

### গুরুত্বপূর্ণ

- কর্মসংস্থান সংস্থাগুলি প্রশিক্ষণের ক্লাস বা সার্টিফিকেশনের মত অন্যান্য পরিষেবাগুলির জন্য আপনার কাছে মূল্য দাবি করতে পারে না।
- আপনি কি সুরক্ষা প্রশিক্ষণ স্কুলে আছেন? এটি অবশ্যই ফৌজদারি বিচার পরিষেবার নিউ ইয়র্ক স্টেট বিভাগের (New York State Division of Criminal Justice Services) সাথে নিবন্ধিত হতে হবে।
- আপনি কি বারটেন্ডিং স্কুলে আছেন? নিউ ইয়র্ক স্টেট ব্যুরো অফ প্রোপ্রায়াটারি স্কুল সুপারভিশন (New York State Bureau of Proprietary School Supervision) বারটেন্ডিং স্কুলগুলির তত্বাবধান করে।

**যে কর্মসংস্থান সংস্থাগুলি চাকরির "গ্যারান্টি" দেয় সেগুলি ব্যবহার করবেন না।** কর্মসংস্থান সংস্থাগুলি গ্যারান্টি দিতে পারে না যে তারা আপনাকে একটি চাকরি খুঁজে দেবে। সংস্থাগুলি শুধু আপনাকে সেই সব লভ্য চাকরিগুলির জন্য রেফার করতে পারে যেখানে কমপক্ষে ন্যূনতম মজুরি প্রদান করা হয়।

নিউ ইয়র্ক স্টেট ও ফেডারাল আইন ন্যূনতম মজুরি নির্দিষ্ট করে দেয়। নিউ ইয়র্ক স্টেট ন্যূনতম মজুরির জন্য labor.state.ny.us দেখুন।

- **জানুন কেমন করে কর্মসংস্থান সংস্থা ফী কাজ করে।** কর্মসংস্থান সংস্থাগুলি আপনাকে কোনো চাকরি দেবার আগে আপনার থেকে কোনো ফী চার্জ করতে পারে না।

ফীগুলি আইনের দ্বারা নির্ধারিত সর্বাধিক পরিমাণের থেকে বেশী হবে না।

কর্মসংস্থান সংস্থার আইন ও নিয়মাবলীর জন্য nyc.gov/dca দেখুন, যেখানে ফী সংক্রান্ত তথ্য দেওয়া রয়েছে।

যদি সংস্থাটি আপনার থেকে চার্জ নিয়ে থাকে তবে আপনার সম্পূর্ণ ফী ফেরৎ পাবার অধিকার রয়েছে:

- কোনো অগ্রিম ফী, ডিপোজিট ফী, রেজিস্ট্রেশন ফী, অ্যাপ্লিকেশন ফী, বা ইন্টারভিউ ফী। অথবা
- অন্য কোনো কর্মসংস্থান সংস্থা বা ট্রেনিং স্কুলে আপনাকে পাঠাতে অথবা
- ট্রেনিং কোর্স, ফটো, বা জীবন-বৃত্তান্ত পর্যালোচনা করার মতো কোনো অতিরিক্ত বিষয়গুলির জন্য।

- **একটি নির্ভুল, লিখিত চুক্তি দাবি করুন।** আপনি স্বাক্ষর করার আগে সংস্থাগুলিকে অবশ্যই আপনাকে পূর্ণ চুক্তিটি দিতে হবে। আপনার চুক্তিতে যা থাকা উচিত:
  - সংস্থার নাম, ঠিকানা ও DCA লাইসেন্স নম্বর
  - কাজের ধরন
  - মূল্য
  - ফী পরিশোধের সময়সূচি

  নিশ্চিত হয়ে নিন যে লিখিত চুক্তিটি আপনাদের কথ্য চুক্তির সাথে মিলেছে।

  স্বাক্ষর করার আগে, সংস্থাটিকে বলুন আপনার সব প্রশ্নের উত্তর লিখিতভাবে দিতে।

  সংস্থাটিকে অবশ্যই চুক্তির একটি প্রতিলিপি এবং প্রতিটি অর্থপ্রদানের জন্য একটি রসিদ আপনাকে দিতে হবে। সব প্রতিলিপিগুলি একটি নিরাপদ জায়গায় রাখুন।

- **বেআইনি প্রশ্নের উত্তর দেবেন না।** যদি না সেগুলি চাকরির জন্য বৈধ যোগ্যতা হয়, তাহলে কোনো নিয়োগকর্তা বা সংস্থার পক্ষে নিম্নলিখিত বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করা বেআইনি:
  - বয়স
  - জাতি
  - ধর্মবিশ্বাস
  - ধর্ম
  - রঙ
  - জাতীয় উৎস
  - লিঙ্গ
  - প্রতিবন্ধকতা
  - বৈবাহিক অবস্থা
  - পার্টনারশিপের অবস্থা
  - পরিচর্যাকারীর অবস্থা
  - যৌন ঝোঁক
  - বৈদেশিকতা বা নাগরিকত্বের অবস্থা

- **DCA-এর কাছে অভিযোগ নথিভুক্ত কতুন।** DCA-এর কাছে অনলাইনে nyc.gov/dca এ একটি অভিযোগ নথিভুক্ত করুন অথবা একটি অভিযোগ নথিভুক্ত করতে 311 নম্বরে যোগাযোগ করুন।

# এগুলির ব্যাপারে সাবধান হোন...

## মানুষকে ঠকায় এমন স্কুল

NYC-তে লাভের উদ্দেশ্যে পরিচালিত কয়েক শত স্কুল আছে। এয়ার কন্ডিশনিং মেরামত করা ও কস্মেটোলজি থেকে শুরু করে মেডিকাল টেকনিসিয়ান প্রশিক্ষণ পর্যন্ত সব ধরনের কোর্স এর অন্তর্ভুক্ত। কিছু স্কুল ছাত্রছাত্রীদের বিভ্রান্ত করে। এগুলি যা করতে পারে:

- আপনাকে প্রচুর পরিমাণ আর্থিক সহায়তা নিতে বাধ্য করা।
- গ্র্যাজুয়েট হওয়ার পরে আপনাকে চাকরির "গ্যারান্টি" দেওয়া।
- আপনার ক্রেডিটগুলি অন্য একটি স্কুলে স্থানান্তরিত হবে কিনা সেই বিষয়টি সহ, আপনার ডিগ্রির মূল্য সম্বন্ধে মিথ্যা কথা বলা।

*মনে রাখুন:*

- আর্থিক সহায়তা হল সাধারণত একটি ঋণ বা আপনাকে অবশ্যই পরিশোধ করতে হবে। এটি কোনো বৃত্তি নয়।
- অনেকগুলি স্কুলের বিষয়ে খোঁজখবর নিন।
- আপনি যেদিন স্কুল পরিদর্শন করেন, সেই দিনই সাইন আপ করবেন না।
- স্কুলের টিউশন বাতিলকরণ নীতিটি লিখিতভাবে নিন।

উচ্চতর শিক্ষার একটি স্কুলের বিরুদ্ধে অভিযোগ নথিভুক্ত করতে **311 এ ফোন করুন।**

## বিনামূল্যে সহায়তা

- [nyc.gov/workforce1](nyc.gov/workforce1) দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবং একটি বিনামূল্য ওয়ার্কফোর্স1 কেরিয়ার সেন্টার খুঁজে দিতে বলুন।
- [nyc.gov](nyc.gov) দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবং বিনামূল্য ও কম খরচের প্রাপ্তবয়স্ক শিক্ষা কার্যক্রমগুলির বিষয়ে জানতে চান।

## অন্যান্য রিসোর্সগুলি

- মহিলাদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক অন্যান্য পরামর্শগুলি পড়ুন:
  - আর্থিক বিষয়
  - আয় বৃদ্ধির জন্য কার্যক্রম ও পরিষেবাসমূহ
  - পণ্য ও পরিষেবাগুলির জন্য কেনাকাটা
- আরো তথ্যের জন্য [nyc.gov/dca](nyc.gov/dca) দেখুন, যার অন্তর্ভুক্ত হল:
  - চাকরি প্রার্থীর অধিকারসমূহের বিল
  - কর্মীর অধিকারসমূহ ও নিয়োগকর্তার দায়িত্বগুলির বিবৃতি (ঘরোয়া বা পারিবারিক কর্মী)
  - NYC অসুস্থতার জন্য বেতন সহ ছুটির আইন (NYC Paid Sick Leave Law)
  - NYC যাত্রী সুবিধা আইন (Commuter Benefits Law)
- মেয়র'স অফিস অফ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (Mayor’s Office of Immigrant Affairs (MOIA)): অভিবাসী কর্মী এবং চাকরি ও কাজের সম্বন্ধে তথ্যের জন্য [nyc.gov/immigrants](nyc.gov/immigrants) দেখুন।
- ক্ষুদ্র ব্যবসা পরিষেবা (Small Business Services) (SBS): চাকরি প্রার্থীদের জন্য সাহায্যের জন্য [nyc.gov/sbs](nyc.gov/sbs) দেখুন।
- মানবাধিকার কমিশন (Human Rights Commission): বৈষম্যের বিষয়ে একটি অভিযোগ নথিভুক্ত করতে [nyc.gov/humanrights](nyc.gov/humanrights) দেখুন বা 311 নম্বরে যোগাযোগ করুন। অভিবাসীবৃন্দ এবং কর্মস্থলে ও বাড়িতে *NYC* মানবাধিকারসমূহ (Immigrants & NYC Human Rights at Work and at Home) পড়ুন।

# আর্থিক বিষয়

## সাধারণ পরামর্শ

- **একটি ব্যাংক বা ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্ট খুলুন।** সিটি নিরাপদ ও সামর্থ্যের মধ্যে চেকিং ও সেভিংস অ্যাকাউন্ট প্রদান করে। এই কার্যক্রমগুলির অন্তর্ভুক্ত হল:
  - **NYC ডাইরেক্ট ডিপোজিট:** আপনি যদি আপনার পে-চেক সরাসরি জমা করেন তাহলে আপনি বিনামূল্যে একটি চেকিং অ্যাকাউন্ট খুলতে পারেন। এই অ্যাকাউন্টের কোনো মাসিক ফী নেই; ডেবিট কার্ডে ক্রয় বা ATM থেকে টাকা তোলার জন্য কোনো ওভারড্রাফ্ট বিকল্প নেই; কোনো ন্যূনতম জমারাশি নেই অথবা তার পরিমাণ কম; বিনামূল্যে ব্যাঙ্কিং ও বিল পরিশোধ করা যায়; বিনামূল্যে নেটওয়ার্কের মধ্যে ATM থেকে টাকা তোলা যায়।
  - **NYC সেফস্টার্ট (SafeStart) অ্যাকাউন্ট:** আপনি একটি স্টার্টার সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারেন। এই অ্যাকাউন্টে কোনো ওভারড্রাফ্ট ফী নেই; আপনি যদি ন্যূনতম জমারাশির শর্ত পূরণ করেন তাহলে কোনো মাসিক ফী নেই; ন্যূনতম জমারাশির পরিমাণ হল $25 বা এর চেয়েও কম, যা আর্থিক প্রতিষ্ঠানটির ওপরে নির্ভর করে; ATM কার্ড বা ডেবিট কার্ড।

  NYC ডাইরেক্ট ডিপোজিট বা NYC সেফস্টার্ট (SafeStart) অ্যাকাউন্ট সম্বন্ধে আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন বা 311 নম্বরে ফোন করুন।

  আপনি IDNYC-এর কোনো একটি অংশগ্রহণকারী ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নে একটি চেকিং বা সেভিংস অ্যাকাউন্ট খোলার জন্য IDNYC ব্যবহার করতে পারেন। শাখার অবস্থানগুলির জন্য nyc.gov/idnyc দেখুন অথবা 311 নম্বরে যোগাযোগ করুন।

- **আপনার ব্যয়ের ওপরে নজর রাখুন এবং নিয়ন্ত্রণ করুন।** একটি বাজেট প্রস্তুত করা এবং তা মেনে চলা হল অর্থ ব্যবস্থাপনা ও সঞ্চয় করার লক্ষ্যে প্রথম ধাপ।
- **আপনার দেনার নিয়ন্ত্রণ নিজের হাতে নিন।** দেনা দ্রুত জমে যেতে পারে এবং আপনার ক্রেডিট রিপোর্টের ক্ষতি করতে পারে, আপনার কোনো অ্যাপার্টমেন্ট ভাড়ায় নেওয়া বা বাড়ি কেনার সক্ষমতা এবং আরো অনেক কিছুর ক্ষতি করতে পারে। সিটি আপনাকে পাওনাদার ও দেনা সংগ্রহকারীদের সামলাতে, অর্থপ্রদানগুলি একত্রিত করতে এবং একটি অর্থপ্রদানের পরিকল্পনা তৈরি করতে সাহায্য করতে পারে। বিনামূল্যে সহায়তা দেখুন।
- **অপ্রত্যাশিতের জন্য সঞ্চয় করুন ... এমন কি অল্প একটু হলেও।** চাকরি হারানো বা স্বাস্থ্যের সমস্যার মত অপ্রত্যাশিত জরুরি অবস্থা আঁটসাটো বাজেটকে ধ্বংস করে দিতে পারে। অল্প পরিমাণে হলেও, নিয়মিত ভিত্তিতে সঞ্চয় করার দ্বারা নিজেকে সুরক্ষিত রাখুন। একটি স্বয়ংক্রিয় সঞ্চয় পরিকল্পনা চেষ্টা করে দেখুন, যা আপনাকে ডাইরেক্ট ডিপোজিট বা স্বয়ংক্রিয় ট্র্যান্সফার ব্যবহার করে প্রতিটি অর্থপ্রদানের দিনে বিনা পরিশ্রমে সঞ্চয় করতে সাহায্য করে।
- **প্রিপেইড ডেবিট কার্ডের বিষয়ে সতর্ক থাকুন।** একটি প্রিপেইড ডেবিট কার্ড আপনাকে বাজেটের মধ্যে থাকতে সাহায্য করতে পারে, কিন্তু লুকানো ফী-গুলির বিষয়ে সতর্ক থাকুন।
- **আপনার ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে, বিনামূল্যে আর্থিক পরিকল্পনা কার্যক্রম ও টুলগুলির সুবিধা নিন।** বিনামূল্যে সহায়তা ও অন্যান্য রিসোর্সগুলি দেখুন।

## একটি নিরাপদ ও সামর্থ্যের মধ্যে চেকিং অ্যাকাউন্টে কী কী বিষয় দেখতে হবে:

### কোনো ফী নেই বা কম ফী

- ❑ মাসিক রক্ষণাবেক্ষণ বা পরিষেবা ফী, যা $3 বা তার কম
- ❑ নেটওয়ার্কের মধ্যে বিনামূল্যে ATM-গুলি ব্যবহার করা
- ❑ ডেবিট কার্ড ব্যবহার করার জন্য কোনো ফী নয়
- ❑ ডেবিট কার্ডে কেনা বা ATM থেকে অর্থ তোলার জন্য কোনো ওভারড্রাফ্ট বিকল্প নয়

### ন্যূনতম পরিমাণ ও লেনদেন

- ❑ ন্যূনতম জমারাশি ও প্রাথমিক আমানতের প্রয়োজনীয়তা কম ($25 বা তার কম)
- ❑ বিনামূল্যে অ্যাকাউন্টের জমারাশি যাচাই করার অনেকগুলি উপায় (অনলাইন, ফোন, টেক্সট মেসেজ, ATM)
- ❑ লেনদেনের যুক্তিসঙ্গত প্রয়োজনীয়তাগুলির জন্য কোনো মাসিক ফী নয় (উদাহরণস্বরূপ, ডাইরেক্ট ডিপোজিট, ATM)

## মহিলা শিল্পোদ্যোগী (WOMEN ENTREPRENEURS)

ব্যবসা শুরু করা এবং প্রাণবন্ত ব্যবসাকে বৃদ্ধি করার জন্য মহিলা শিল্পোদ্যোগীদের যে সব সম্পদ, শিক্ষা ও কমিউনিটির প্রয়োজন হয়, উইমেন এন্টারপ্রেনার্স NYC (WE NYC) তাদেরকে সেগুলির সাথে যুক্ত করে। বিনামূল্য WE মাস্টার লীডারশিপ ও WE মাস্টার মানির মাধ্যমে: ক্রেডিট ও ফান্ডিং ওয়ার্কশপ, মহিলা শিল্পোদ্যোগীরা কর্মী ব্যবস্থাপনা, ক্রেডিট গড়ে তোলা এবং আর্থিক দক্ষতাগুলি গড়ে তুলতে পারেন। WE কানেক্ট মেন্টর্স ও WE কানেক্ট ইভেন্টস প্রোগ্রামগুলির মাধ্যমে WE NYC মহিলাদেরকে মেন্টর এবং সফল শিল্পোদ্যোগীদের একটি নেটওয়ার্কে প্রবেশাধিকার দেয়। এই প্রোগ্রামগুলি সম্বন্ধে আরো তথ্যের জন্য, কমিউনিটিতে যোগ দিতে, ব্যবসা শুরু করার নির্দেশিকাগুলি পাওয়া, এবং মহিলা শিল্পোদ্যোগীদের সহায়তা করার অতিরিক্ত রিসোর্সগুলির জন্য we.nyc এ WE কানেক্ট পোর্টাল দেখুন।

## পারিবারিক সহিংসতার উত্তরজীবী ও আর্থিক দুর্ব্যবহার

আপনি যদি পারিবারিক সহিংসতার উত্তরজীবী হন, যার অন্তর্ভুক্ত হতে পারে অর্থনৈতিক বা আর্থিক দুর্ব্যবহার, তাহলে ক্ষমতাশালী ও নিরাপদ অনুভব করার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হল আর্থিক স্বাধীনতা অর্জন করা।

- **আর্থিক আত্মসচেতনতা। যখন কেউ আরেকজন** মানুষকে নিয়ন্ত্রণ করার জন্য অর্থ বা জিনিস ব্যবহার করে, তখন অর্থনৈতিক বা আর্থিক দুর্ব্যবহার ঘটে। কেউ যখন আপনার সন্তান, সঙ্গী বা মা-বাবার *অনুমতি ছাড়া তাদের* নাম ব্যবহার করে অ্যাকাউন্ট খোলে, যেমন ইউটিলিটি অ্যাকাউন্ট, তখন এটা আর্থিক দুর্ব্যবহার ও পরিচয় চুরি।
- **নিজেকে আর্থিকভাবে সুরক্ষিত রাখুন।**
  - আপনার নিজের ব্যাংক অ্যাকাউন্ট খুলুন - শুধুমাত্র নিজের নামেই। আপনি অল্প অর্থ দিয়েই তা করতে পারেন।
  - আপনার পরিচয়ের কাগজপত্র ও আর্থিক তথ্যকে একটি সুরক্ষিত স্থানে রাখুন।
- **আর্থিক মেরামত ও পুনরুদ্ধার।**
  - আপনি প্রতিটি বরোতে NYC পারিবারিক ন্যায় কেন্দ্রগুলিতে (Family Justice Centers (FJC)) বিনামূল্য আর্থিক পরামর্শ পেতে পারেন। প্রশিক্ষিত আর্থিক পরামর্শদাতারা আপনাকে আপনার আর্থিক বিষয়ের নিয়ন্ত্রণ নিতে, ক্ষতিকর ধারের সংশোধন করতে, এবং পুলিশ রিপোর্ট নথিভুক্ত করতে সাহায্য করতে পারেন।
  - আপনার জ্ঞান বা অনুমতি ছাড়াই আপনার সঙ্গী যদি আপনার হয়ে করগুলি (taxes) ফাইল করে থাকেন, তাহলে সেগুলির ক্ষেত্রে আপনার সাহায্যের প্রয়োজন হলে আর্থিক পরামর্শদাতারা আপনাকে অ্যাটর্নিদের সঙ্গেও যোগাযোগ করিয়ে দিতে পারেন।

বিনামূল্যে সহায়তা দেখুন।

# এগুলির ব্যাপারে সাবধান হোন...

### লুঠ করার উদ্দেশ্যে ধার দেওয়া

লুঠ করার উদ্দেশ্যে ধার দেওয়ার একটা সাধারণ ধরন হল **ব্যবহৃত গাড়ির ঋণ**। প্রায় ক্ষেত্রেই এই ঋণগুলো ঋণগ্রহীতার পক্ষে খারাপ। অন্যান্য ঋণের মতই, নিজে গবেষণা করুন আর আপনার জন্য সেরা প্রস্তাবটি খুঁজে পাওয়ার জন্য নিয়ম ও শর্তাবলী তুলনা করুন।

## বিনামূল্যে সহায়তা

- একটি NYC ফাইনান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টারে বিনামূল্যে মুখোমুখি পেশাদার আর্থিক পরামর্শ পান। আপনার নিকটবর্তী কোনো জায়গায় একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি স্থির করতে 311 নম্বরে ফোন করুন অথবা আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।
- আপনার ক্রেডিট রিপোর্টের একটি প্রতিলিপি বিনামূল্যে পান এবং তা সযত্নে পর্যালোচনা করুন। annualcreditreport.com এ যান অথবা নিঃশুল্ক 1-877-322-8228 নম্বরে ফোন করুন।
- পারিবারিক সহিংসতার উত্তরজীবীদের জন্য, NYC পারিবারিক ন্যায় কেন্দ্রগুলি সহ রিসোর্সগুলির জন্য, nyc.gov/domesticviolence দেখুন বা 311 নম্বরে ফোন করুন।

## অন্যান্য রিসোর্সগুলি

- মহিলাদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক অন্যান্য পরামর্শগুলি পড়ুন:
  - কর্মসংস্থান সংস্থা
  - আয় বৃদ্ধির জন্য কার্যক্রম ও পরিষেবাসমূহ
  - পণ্য ও পরিষেবাগুলির জন্য কেনাকাটা
- জালিয়াতিগুলির সম্বন্ধে আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।
- WE NYC: মহিলা শিল্পোদ্যোগীদের জন্য রিসোর্সগুলির জন্য we.nyc দেখুন।
- ক্ষুদ্র ব্যবসা পরিষেবা (Small Business Services) (SBS): মহিলা শিল্পোদ্যোগীদের জন্য পরামর্শগুলির জন্য nyc.gov/sbs দেখুন।
- লিঙ্গ সমতা বিষয়ক কমিশন (Commission on Gender Equity): সিটি কীভাবে মহিলাদের সাহায্য করার জন্য কাজ করছে তা জানতে nyc.gov/genderequity দেখুন।
- নিউ ইয়র্কের আর্থিক পরিকল্পনা সংগঠন (Financial Planning Association of New York (FPANY)): অবসরগ্রহণের পরিকল্পনা সহ, ওয়ার্কশপগুলি সম্বন্ধে তথ্যের জন্য fpany.org দেখুন বা 1-877-77-FPANY (1-877-773-7269) নম্বরে ফোন করুন।
- উপভোক্তাদের আর্থিক সুরক্ষা ব্যুরো (Consumer Financial Protection Bureau (CFPB)): consumerfinance.gov দেখুন অথবা 1-855-411-2372 এ ফোন করুন। CFPB-এর উপভোক্তা টুল "অবসরগ্রহণের জন্য পরিকল্পনা (Planning for Retirement)" দেখুন।

মহিলাদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শ:

# আয় বৃদ্ধির জন্য কার্যক্রম ও পরিষেবাসমূহ

## সাধারণ পরামর্শ

- **আপনি যতগুলি সরকারী সুবিধা ও পরিষেবার জন্য যোগ্য, প্রতিটি দাবি করুন।** আপনি এই কার্যক্রমগুলির জন্য যোগ্য কিনা তা জানতে nyc.gov/accessnyc দেখুন:
  - **আর্থিক সহায়তা:** *নগদ সহায়তা (Cash Assistance), বাড়ির শক্তি সহায়তা কার্যক্রম (Home Energy Assistance Program), ও ট্যাক্স ক্রেডিট*
  - **খাদ্য ও পুষ্টি:** *সম্পূরক পুষ্টি সহায়তা কার্যক্রম (Supplemental Nutrition Assistance Program (SNAP)), মহিলা, ছোট শিশু ও বাচ্চা (Women, Infants and Children (WIC) ), স্কুল অ্যান্ড সামার মিল্স*
  - **আবাসন:** *ধারা 8, প্রবীণ নাগরিকদের ভাড়া বৃদ্ধি ছাড় (Senior Citizen Rent Increase Exemption (SCRIE)), প্রতিবন্ধীদের ভাড়া বৃদ্ধি ছাড় (Disability Rent Increase Exemption (DRIE)), অবসরপ্রাপ্ত সেনাদের ছাড় (Veteran's Exemption)*
  - **স্বাস্থ্য পরিচর্যা ও বিমা:** *নার্স ও পরিবারের অংশীদারিত্ব ও স্বাস্থ্য বিমা সহায়তা*
  - **প্রাথমিক পরিচর্যা ও শিক্ষা:** *শিশু পরিচর্যা, হেড স্টার্ট, ও ইউনিভার্সাল Pre-K*
  - **কর্মসংস্থান ও প্রশিক্ষণ কার্যক্রম**
  - অন্যান্য অনেক সরকারী সুবিধা ও পরিষেবা
- **আপনার নিয়োগকর্তাকে কর-পূর্ব ট্র্যানজিট ও চিকিৎসাগত খরচের কার্যক্রমগুলি এবং কলেজ ও অবসরকালীন সঞ্চয় কার্যক্রমগুলি সম্বন্ধে জিজ্ঞাসা করুন।** NYC-র যাত্রী সুবিধা আইনের (Commuter Benefits Law) অধীনে, NYC-তে 20 জন বা তার বেশি পূর্ণ সময়ের ইউনিয়ন-বহির্ভূত কর্মচারী আছে এমন বেশির ভাগ বেসরকারী ও লাভের-উদ্দেশ্যহীন নিয়োগকর্তাকে অবশ্যই একটি যাত্রী সুবিধা কার্যক্রম প্রদান করতে হবে। আপনি যদি আইনের আওতায় থাকেন, তাহলে আপনি যাতায়াতের জন্য অর্থ পরিশোধ করার জন্য কর-পূর্ব আয় ব্যবহার করে আপনার মাসিক ব্যয়কে কমাতে পারেন।
- **করের সময়, আপনি যে গুরুত্বপূর্ণ ট্যাক্স ক্রেডিটগুলি পাওয়ার যোগ্য সেগুলি দাবি করতে NYC ফ্রি ট্যাক্স প্রেপ ব্যবহার করুন।** উপার্জিত আয় কর ক্রেডিট (Earned Income Tax Credit (EITC)) হল যোগ্যতাসম্পন্ন পরিবার, শিশুর তত্ত্বাবধানের দায়িত্ববিহীন (non-custodial) মা-বাবা, বা যে একাকী ব্যক্তিরা পূর্ণ সময় বা আংশিক সময়ের জন্য কাজ করেন বা স্বনিযুক্ত আছেন তাদের জন্য একটি ফেডারাল, স্টেট, ও নিউ ইয়র্ক সিটি ট্যাক্স ক্রেডিট।

  পরিবারগুলিকে শিশুর পরিচর্যার খরচগুলি পরিশোধে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক সিটি শিশু পরিচর্যা ট্যাক্স ক্রেডিট (New York City Child Care Tax Credit (NYC CCTC)) পাওয়া যায়। আপনি যদি $30,000 বা তার কম আয় করেন এবং 4 বছর পর্যন্ত বয়সের শিশুদের জন্য শিশুর পরিচর্যার খরচগুলি পরিশোধ করেন, তাহলে আপনি $1,733 পর্যন্ত স্থানীয় ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য হতে পারেন।

  EITC এবং NYC CCTC উভয়ই হল ফেরত-যোগ্য ট্যাক্স ক্রেডিট। আপনার যদি কোনো কর বকেয়া না থাকে, তাহলে আপনি কর ফেরত হিসেবে অর্থ ফিরে পান। আপনি যদি NYC ফ্রি ট্যাক্স প্রেপ-এর জন্য যোগ্য হন, তাহলে আপনি কর প্রস্তুতকরণের ফীগুলির ওপরে গড়ে $150 বাঁচাতে পারেন এবং আপনার পুরো রিফান্ড রেখে দিতে পারেন।

## বিনামূল্যে সহায়তা

- ACCESS NYC হল একটি বিনামূল্য পরিষেবা যা আপনাকে জানতে সাহায্য করে যে আপনি 30টির বেশি সিটি, স্টেট ও ফেডারাল বেনিফিট কার্যক্রমগুলির জন্য যোগ্য হতে পারেন কিনা। ACCESS NYC সংক্রান্ত তথ্যের জন্য nyc.gov/accessnyc দেখুন অথবা 311 নম্বরে যোগাযোগ করুন। ACCESS NYC এর মাধ্যমে নির্দিষ্ট কার্যক্রমগুলির জন্য আপনি অনলাইন আবেদন করতে পারেন।
- আপনি NYC বিনামূল্য কর প্রস্তুতকরণ (Free Tax Prep) পরিষেবাগুলির জন্য যোগ্য হতে পারেন, যার অন্তর্ভুক্ত হল অনলাইন ফাইলিং এবং একজন IRS সার্টিফায়েড VITA/TCE স্বেচ্ছাসেবী প্রস্তুতকারকের সঙ্গে মুখোমুখি ফাইলিং। আয়ের যোগ্যতা এবং আপনার করগুলি ফাইল করার জন্য আপনার যে সব নথিপত্র প্রয়োজন তার তালিকা সহ, আরো তথ্যের জন্য nyc.gov/taxprep দেখুন বা 311 নম্বরে ফোন করুন এবং কর প্রস্তুতকরণের ক্ষেত্রে সহায়তা চান।

**গুরুত্বপূর্ণ**

- আপনার করগুলি ফাইল করার জন্য পরিচয়ের প্রমাণ হিসেবে আপনি IDNYC ব্যবহার করতে পারেন। আরো তথ্যের জন্য nyc.gov/idnyc দেখুন অথবা 311 এ ফোন করুন।
- কিছু NYC বিনামূল্য কর প্রস্তুতকরণ সাইট আপনাকে একটি ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number (ITIN))-এর জন্য আবেদন করতে সাহায্য করতে পারে। সাইটের বিশদ তথ্য দেখুন।
  - ITIN হল IRS দ্বারা প্রদান করা একটি কর প্রক্রিয়াকরণ নম্বর। IRS বিদেশী নাগরিকদের এবং অন্য যে সব মানুষের সোশ্যাল সিকিওরিটি নম্বরের যোগ্যতা নেই অথচ ফেডারাল ট্যাক্স রিপোর্টিং বা ফাইলিং-এর আবশ্যকতা আছে তাদের ITIN প্রদান করে।

- ট্যাক্স রিফান্ডকে সবচেয়ে ভালভাবে কাজে লাগাতে, একটি NYC ফাইনান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টারে বিনামূল্যে মুখোমুখি পেশাদার আর্থিক পরামর্শ নিন। আপনার নিকটবর্তী কোনো জায়গায় একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি স্থির করতে 311 নম্বরে ফোন করুন অথবা আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।

## অন্যান্য রিসোর্সগুলি

- মহিলাদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক অন্যান্য পরামর্শগুলি পড়ুন:
  - কর্মসংস্থান সংস্থা
  - আর্থিক বিষয়
  - পণ্য ও পরিষেবাগুলির জন্য কেনাকাটা
- মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration (HRA)): আপনি সরকারী সুবিধা ও পরিষেবাগুলির জন্য যোগ্য কিনা এবং কীভাবে আবেদন করতে হয় তা জানার জন্য nyc.gov/hra দেখুন অথবা 1-718-557-1399 বা 311 নম্বরে HRA ইনফোলাইনে ফোন করুন।

মহিলাদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক পরামর্শ:

# পণ্য ও পরিষেবাগুলির জন্য কেনাকাটা

## সাধারণ পরামর্শ

- **একই পরিষেবার জন্য পুরুষ ও মহিলাদের থেকে ভিন্ন ভিন্ন মূল্য দাবি করা বেআইনি।** মূল্য তালিকাগুলি লিঙ্গের ওপরে নির্ভরশীল হতে পারে না। এগুলিতে প্রয়োজনীয় শ্রমের মতো মূল্যের পার্থক্যগুলি অবশ্যই দেখাতে হবে। উদাহরণস্বরূপ, "শার্ট" বা "ব্লাউজ"-এর মতো শব্দগুলি ব্যবহার করার পরিবর্তে, মূল্য তালিকায় সেই পার্থক্যগুলি অবশ্যই বর্ণনা করতে হবে যেগুলিতে পরিষ্কার করার জন্য অতিরিক্ত শ্রমের প্রয়োজন হয়: রাফ্‌ল সহ শার্ট; প্লিট সহ শার্ট।

  মূল্যগুলি নিশ্চিতরূপে দেখুন। দোকানগুলিকে পণ্য ও পরিষেবাগুলির মূল্য অবশ্যই প্রদর্শন করতে হবে। প্রদর্শিত মূল্যের থেকে বেশি দাবি করা বেআইনি।

  পণ্য বিক্রেতা ব্যবসাগুলিকে অবশ্যই জিনিসটির ওপরে মূল্য দেখাতে হবে অথবা জিনিসটি যেখানে প্রদর্শিত আছে সেখানে একটি চিহ্নের উপরে মূল্য দেখাতে হবে।

  পরিষেবা বিক্রয়কারী পরিষেবাগুলিকে– যেমন স্যালন বা ড্রাই ক্লিনারদের – অর্ডার নেওয়ার জায়গার কাছে এবং রেজিস্টারে মূল্যগুলি অবশ্যই প্রদর্শন করতে হবে।

- **অর্থ সাশ্রয়ের জন্য, একটি পণ্যের "পুরুষদের" সংস্করণটি কেনার কথা বিবেচনা করুন।** উপভোক্তা বিষয়ক বিভাগ (Department of Consumer Affairs (DCA))-এর একটি অধ্যয়ন পাঁচটি শিল্পক্ষেত্র ব্যাপী 90টির বেশি ব্র্যান্ডের "পুরুষ" ও "মহিলা"দের সুস্পষ্ট সংস্করণ আছে এমন প্রায় 800 টি পণ্যকে তুলনা করেছিল: খেলনা ও আনুসঙ্গিক জিনিসপত্র; শিশুদের পোশাক; পূর্ণবয়স্কদের পোশাক; ব্যক্তিগত পরিচর্যার পণ্য; সিনিয়র/বাড়িতে স্বাস্থ্য পরিচর্যার পণ্যগুলি। মহিলাদের পণ্যগুলির মূল্য 42 শতাংশ সময়ে বেশি ছিল, যেখানে পুরুষদের পণ্যগুলির মূল্য 18 শতাংশ সময়ে বেশি ছিল।

- **জালিয়াতি এড়ান।**
  - পরিষেবাগুলি পাওয়ার আগে কখনও ফী প্রদান করবেন না।
  - স্পষ্টভাবে লিখিত চুক্তি নিন। কোনো চুক্তিতে সই করার আগে নিশ্চিত হয়ে নিন যে আপনি তা বুঝেছেন।
  - সব রসিদগুলি রেখে দিন।

  কোনো ব্যবসা যদি আপনার ক্ষতি করে থাকে, তাহলে অভিযোগ নথিভুক্ত করতে 311 নম্বরে যোগাযোগ করুন।

- **শিশুদের বিপজ্জনক খেলনাগুলি এড়িয়ে চলুন।**
  - সস্তা ধাতু ও উপাদান দিয়ে তৈরি খেলনাগুলি এড়িয়ে চলুন।
  - খেলনা, অলঙ্কার, ও সস্তা দরের অলঙ্কারের পৃষ্ঠতলে বিষাক্ত রাসায়নিকগুলি থাকার কারণে, আপনার শিশুকে কখনও এই পণ্যগুলিকে চেবাতে, চুষতে বা মুখে ঢোকাতে দেবেন না।
  - খেলনার প্যাকেজিং-এ দেওয়া বয়সের সুপারিশগুলি অনুসরণ করুন, এমনকি যদি আপনি বিশ্বাস করেন যে আপনার শিশু বয়সের তুলনায় এগিয়ে তাহলেও।
  - পণ্য ফিরিয়ে নেওয়া হয়েছে কিনা যাচাই করুন।

- **আপনার পরিচয়কে সুরক্ষিত রাখুন।**
  - প্রতি বছর আপনার ক্রেডিট রিপোর্ট যাচাই করুন।
  - পরিচয় চুরি হওয়া প্রতিরোধ করার জন্য, অ্যাকাউন্ট নম্বর ও সোশ্যাল সিকিওরিটির মতো ব্যক্তিগত তথ্য সহ সব নথিপত্র টুকরো টুকরো করে কাটুন।

  আপনি যদি পরিচয় চুরির ঘটনার শিকার হয়ে থাকেন, তাহলে আপনার ক্রেডিট রিপোর্টে একটি সতর্কবার্তা দিন, একটি পুলিশ রিপোর্ট নথিভুক্ত করুন, এবং ফেডারাল ট্রেড কমিশনের (FTC) কাছে একটি অভিযোগ নথিভুক্ত করুন।

- **দেনা সংগ্রহ সংক্রান্ত হয়রানির বিষয়ে রিপোর্ট করুন।**

  দেনা সংগ্রহকারীদের কাছে অবশ্যই একটি উপভোক্তা বিষয়ক বিভাগ (DCA)-এর লাইসেন্স থাকতে হবে। তাদেরকে অবশ্যই দেনাগুলির প্রমাণ দিতে হবে।

  আপনার যদি অর্থ পরিশোধ করা বাকি থাকে এমনকি তাহলেও তারা আপনাকে হয়রান করতে পারেন না।

  যদি কোনো দেনা সংগ্রহকারী আপনার সঙ্গে যোগাযোগ করে, তাহলে সেই মুহূর্তেই যাচাই করুন যে ব্যবসাটি লাইসেন্সপ্রাপ্ত কিনা এবং দেনার প্রমাণ লিখিতভাবে দেওয়ার দাবি জানান।

কোনো ব্যবসার লাইসেন্সের অবস্থা যাচাই করতে অথবা অভিযোগ নথিভুক্ত করতে nyc.gov/dca দেখুন বা 311 নম্বরে যোগাযোগ করুন।

## যে উপভোক্তা ও আর্থিক পণ্য ও পরিষেবাগুলি মানুষকে ঠকায়

- **চেক ক্যাশারদের এড়িয়ে চলুন।** চেক ক্যাশার ব্যবহার করলে প্রতি বছর গড়ে ফী বাবদ $475 খরচ হতে পারে। নিরাপদ ও সামর্থ্যের মধ্যে ব্যাংক ও ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্টগুলি চেক ক্যাশার ব্যবহার করার থেকে কম খরচসাধ্য।
- **রেন্ট-টু-ওন ব্যবসাগুলি এড়িয়ে চলুন।** ঘরোয়া জিনিসপত্র কেনার জন্য রেন্ট-টু-ওন ব্যবসাগুলি ব্যবহার করা অত্যন্ত ব্যয়সাধ্য। যে গ্রাহকরা কোনো জিনিসের মালিক হওয়ার জন্য সেটি যথেষ্ট দীর্ঘ দিন ধরে ভাড়ায় নেন, তারা গড়ে তালিকাভুক্ত নগদ মূল্যের চেয়ে 70 শতাংশ বেশি বার্ষিক শতকরা হার (APR) পরিশোধ করেন। এই ব্যবসাগুলি খুব বেশি দাম কমায় না। সেরা ডীলের জন্য চারপাশে ঘুরে কেনাকাটা করুন।
- **আপনার করগুলি ফাইল করার সময় রিফান্ড অ্যান্টিসিপেশন প্রোডাক্টগুলি (ফেরৎ রাশি অনুমান করা পণ্য) এড়িয়ে চলুন।** রিফান্ড অ্যান্টিসিপেশন চেক (Refund Anticipation Check (RAC)) বা রিফান্ড ট্র্যান্সফার হল কর প্রস্তুতকরণ ফীগুলি পরে পরিশোধ করার ব্যয়সাধ্য উপায়। রিফান্ড অ্যান্টিসিপেশন লোন (Refund Anticipation Loan (RAL)) হল একটি উচ্চ সুদের ঋণ। এই প্রোডাক্টগুলি আপনার রিফান্ডকে ত্বরান্বিত করে না।

### গুরুত্বপূর্ণ

- RAL বা RAC ব্যবহার করলে, তার জন্য আপনার অর্থ খরচ হবে এবং আপনি মোট যে পরিমাণ রিফান্ড পাবেন তা কমে যাবে।
- ঋণদাতা আপনার থেকে ফী ও সুদ নিতে পারে। যে কর প্রস্তুতকারক ঋণটির প্রস্তাব দিয়েছিলেন তিনি আপনার RAL আবেদন প্রস্তুত করার জন্য চার্জ বা ফী যোগ করতে পারেন না।
- একজন কর প্রস্তুতকারকের পক্ষে এই দাবি করা বেআইনি যে RAL হল একটি "তাৎক্ষণিক রিফান্ড", "দ্রুত রিফান্ড", "এক্সপ্রেস রিফান্ড", "প্রিফান্ড (preFund)", "ফাস্ট ক্যাশ", অথবা অন্য এমন কোনো অনুরূপ শব্দ ব্যবহার করা যা এই তথ্যকে লুকায় যে RAL হল একটি ঋণ।
- আপনার কর প্রস্তুতকারক আপনাকে একটি RAL নিতে বাধ্য করতে পারেন না।

ইলেকট্রনিক ফাইলিং, ডাইরেক্ট ডিপোজিট, এবং রিফান্ড প্রদানের গতি বাড়ানোর অন্য বিকল্পগুলি সম্বন্ধে জিজ্ঞাসা করুন। আপনি যদি ডাইরেক্ট ডিপোজিট ব্যবহার করেন, তাহলে আপনি 8 থেকে 14 কর্মদিবসের মধ্যে আপনার ফেডারাল ট্যাক্স রিফান্ড পেতে পারেন।

- **নিউ ইয়র্কে প্রিপেইড ঋণগুলি বেআইনি।** পে-ডে লোন হল একটি স্বল্পমেয়াদী ঋণ যা সাধারণত পরবর্তী অর্থপ্রদানের দিনে পরিশোধনীয় হয়। ঋণগ্রহীতারা খুবই বেশি ফী ও সুদের হার পরিশোধ করেন। আপনি যদি একটি পে-ডে লোনের প্রস্তাব পান, তাহলে অনুগ্রহ করে 1-800-342-3736 এ ফোন ক'রে বা dfs.ny.gov এ গিয়ে নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা বিভাগ (New York State Department of Financial Services) এর কাছে তা রিপোর্ট করুন।

### গুরুত্বপূর্ণ

আপনার যদি ভাড়া বা অন্য গুরুত্বপূর্ণ প্রয়োজনের জন্য অর্থ না থাকে, সেই ক্ষেত্রে আপনি এই কয়েকটি বিকল্প বিবেচনা করে দেখতে পারেন:

- নগদ অর্থ সহায়তা সহ, মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration (HRA))-এর জরুরি সহায়তা কার্যক্রমগুলির সম্বন্ধে আরো জানুন। আরো জানতে 311 এ ফোন করুন বা nyc.gov/hra দেখুন।
- ক্রেডিট ইউনিয়ন বা ব্যাংক থেকে একটি ছোট ঋণের দিকে তাকান। সর্বনিম্ন সুদের হার খুঁজে পাওয়ার জন্য অবশ্যই ভালভাবে খোঁজখবর নিন ও তুলনা করুন।
- আপনার নিয়োগকর্তাকে একটি অগ্রিম বেতন সম্বন্ধে জিজ্ঞাসা করুন। লিখিত নীতিটি পড়ুন। যে কোনো ফী যাতে যুক্তিসঙ্গত হয় তা নিশ্চিত করুন।
- পরিবার বা বন্ধুদের কাছে একটি ছোট ঋণ চান।
- কখনও কখনও আপনার ক্রেডিট কার্ড প্রদানকারীর থেকে অগ্রিম নগদ অর্থ পাওয়া যায়। এর সুদের হার ক্রেডিট ইউনিয়ন বা ব্যাংক ঋণের চেয়ে বেশি হতে পারে। সব খরচগুলি অবশ্যই তুলনা করুন।

- **দেনা নিষ্পত্তি পরিষেবাগুলি থেকে সাবধান হোন।** যে পরিষেবাগুলি দাবি করে যে সেগুলি আপনাকে দেনা থেকে মুক্তি দিতে পারে বা "নিষ্পত্তি" করতে পারে, সেগুলি থেকে সাবধান হোন। অনেক ক্ষেত্রে, *দেনা নিষ্পত্তি কার্যকর হয় না*। এর জন্য আপনার কয়েক হাজার ডলার খরচ হতে পারে এবং আপনার আরো বেশি দেনা হয়ে যেতে পারে।

# এগুলির ব্যাপারে সাবধান হোন...

## লুঠ করার উদ্দেশ্যে ধার দেওয়া

লুঠ করার উদ্দেশ্যে ধার দেওয়ার একটা সাধারণ ধরন হল **ব্যবহৃত গাড়ির ঋণ**। প্রায় ক্ষেত্রেই এই ঋণগুলো ঋণগ্রহীতার পক্ষে খারাপ। অন্যান্য ঋণের মতই, নিজে গবেষণা করুন আর আপনার জন্য সেরা প্রস্তাবটি খুঁজে পাওয়ার জন্য নিয়ম ও শর্তাবলী তুলনা করুন।

## বিনামূল্যে সহায়তা

- একটি NYC ফাইনান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টারে বিনামূল্যে মুখোমুখি পেশাদার আর্থিক পরামর্শ পান। আপনার নিকটবর্তী কোনো জায়গায় একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি স্থির করতে 311 নম্বরে ফোন করুন অথবা আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।

## অন্যান্য রিসোর্সগুলি

- মহিলাদের জন্য উপভোক্তা সুরক্ষা বিষয়ক অন্যান্য পরামর্শগুলি পড়ুন:
  - কর্মসংস্থান সংস্থা
  - আর্থিক বিষয়
  - আয় বৃদ্ধির জন্য কার্যক্রম ও পরিষেবাসমূহ
- অতিরিক্ত প্রকাশনাগুলির জন্য nyc.gov/dca দেখুন, যার অন্তর্ভুক্ত হল:
  - প্রত্যেক উপভোক্তার যে 10টি বিষয় জানা উচিত (10 Things Every Consumer Should Know)
  - 10টি সবচেয়ে খারাপ দৈনন্দিন জালিয়াতি এবং এগুলি কীভাবে এড়াতে হয়
  - দোলনা থেকে বেত পর্যন্ত: নারী উপভোক্তা হওয়ার মূল্য
  - শিশুদের বিপজ্জনক খেলনাগুলি কীভাবে এড়াতে হয়
  - দেনা নিষ্পত্তি পরিষেবাগুলি থেকে সাবধান হোন

  এছাড়াও, জালিয়াতিগুলির সম্বন্ধে আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।
- নিউ ইয়র্ক স্টেট উপভোক্তা সুরক্ষা বিভাগ (Division of Consumer Protection): সচেতন উপভোক্তাদের জন্য কেনাকাটার পরামর্শগুলির জন্য dos.ny.gov/consumerprotection দেখুন।

## দ্রষ্টব্য

"সমৃদ্ধ সমাজ গড়ে তোলার জন্য, নিউ ইয়র্কবাসীদের দৈনন্দিন অর্থনৈতিক জীবনকে সুরক্ষিত রাখা ও উন্নত করা।"